



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/আপ:/৯৩/২০২২

তারিখ : ২৮ সেপ্টেম্বর, ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগের জন্য সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার এর ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/=

#### যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীর পদার্থ/ফলিত পদার্থ বিজ্ঞানে ৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান)সহ এমএসসি ডিগ্রি থাকতে হবে। শিক্ষা জীবনে কমপক্ষে ৩(তিন)টি পরীক্ষায় ১ম শ্রেণি/বিভাগ অথবা সমমানের গ্রেড থাকতে হবে। অথবা

প্রার্থীর ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার/মেকানিক্যাল/অটোমোবাইল/বিভাগের সাথে সম্পর্কিত বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি থাকতে হবে।

অথবা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ০৪(চার) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স/কম্পিউটার/মেকানিক্যাল/অটোমোবাইল/বিভাগের সাথে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাসহ পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে টেকনোলজিস্ট/টেকনোশিয়ান/সমমানের পদে (১০ নং গ্রেডভুক্ত) ০৬ (ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

ইন্সট্রুমেন্টেশন কোর্সে কমপক্ষে ১০(দশ) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

#### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর সহকারী ইন্সট্রুমেন্ট ইঞ্জিনিয়ার পদের জন্য ৫০০/= (পাঁচশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ২০ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার